

“বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০১৫”

বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিতে প্রবাসীদের অসামান্য অবদানের স্বীকৃতি প্রদান এবং ব্যাংকিং চ্যানেলে অধিক পরিমাণ বৈদেশিক মুদ্রা প্রেরণে উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০১৩ সাল থেকে “বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড” প্রদান করছে। তারই ধারাবাহিকতায় বিগত ১৮ অক্টোবর ২০১৬ তারিখে বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ হলে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে “বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০১৫” প্রদান করা হয়।

সকল প্রবাসী এবং অনিবাসি বাংলাদেশীদের ফিন্যান্সিয়াল ইনক্লুশন প্রক্রিয়ার আওতায় নিয়ে আসা এবং বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ উৎসাহিত করার জন্য ‘বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড’ এর প্রবর্তন করা হয়েছে। ব্যাংকিং চ্যানেলে সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী ব্যক্তিদের ক্ষেত্রে দক্ষ পেশাজীবির পাশাপাশি বিদেশে সাধারণ কাজ করছেন এরূপ ব্যক্তিদেরও মনোনীত করা হয়েছে। বিদেশে অবস্থিত অনিবাসি বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউসগুলোকেও অর্ন্তভুক্ত করা হয়েছে অ্যাওয়ার্ডের তালিকায়। এ সকল এক্সচেঞ্জ হাউসগুলোর মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অনিবাসি বাংলাদেশি কর্তৃক মালিকানা ও ব্যাংকের মাধ্যমে বাংলাদেশে ২০১৫ সালে রেমিট্যান্স প্রেরণের পরিমাণকে মূল মানদণ্ড হিসেবে ধরা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি। বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব ফজলে কবির এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মো. ইউনুসুর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন ডেপুটি গভর্নর জনাব সিতাংশু কুমার সুর চৌধুরী। অনুষ্ঠানে অ্যাওয়ার্ডপ্রাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান, তাদের পরিবারের সদস্যবৃন্দ, বাংলাদেশ ব্যাংক, তফসিলি ব্যাংক এবং বিভিন্ন সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার উচ্চপদস্থ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।



অনুষ্ঠানে ব্যাংকিং চ্যানেলে সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী ২৬ জন রেমিটার, ০৫ জন বন্ডে বিনিয়োগকারী এবং ৪ টি অনিবাসি বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউসকে “বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০১৫” প্রদান করা হয়। সর্বোচ্চ রেমিটার ও বন্ডে বিনিয়োগকারী ব্যক্তিদের মধ্যে অধিকাংশই সংযুক্ত আরব আমিরাতে বাস করছেন। এছাড়া কাতার, ইউ.এস.এ, কানাডা, রাশিয়া ফিজি ও যুক্তরাজ্যে বসবাসকারীরাও রয়েছেন।

উল্লেখ্য, গত বছর সর্বোচ্চ রেমিটার ও বন্ডে বিনিয়োগকারী মিলিয়ে ৩২ জন এবং ২টি এক্সচেঞ্জ হাউসকে “বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০১৪” প্রদান করা হয়েছিল।